



ইরান সংঘাত দীর্ঘ হলে হরমুজ প্রণালি অনিশ্চিতই থাকবে: চীন



চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই। ছবি: রয়টার্স

ইরানকে ঘিরে চলমান সংঘাত দীর্ঘায়িত হলে হরমুজ প্রণালিতে স্থিতিশীলতা ফিরবে না বলে সতর্ক করেছেন চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই।

সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী ফয়সাল বিন ফারহান আল সৌদের সঙ্গে এক বৈঠকে তিনি এই মন্তব্য করেন।

ওয়াং ই বলেন, ইরানকে কেন্দ্র করে সৃষ্ট যুদ্ধ পরিস্থিতি গুরুত্বপূর্ণ এই নৌপথে অচলাবস্থা তৈরি করেছে। সংঘাত যত দীর্ঘ হবে, ততই প্রণালির পরিস্থিতি অনিশ্চিত থাকবে। তিনি দ্রুত যুদ্ধবিরতির প্রয়োজনীয়তার ওপরও জোর দেন।

সূত্র: আল-জাজিরা

LENS ASIA